গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩৪০৫ তারিখ: ০৮/১১/২০২৩ খ্রি.

**বিষয়: ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য 'নৈপুণ্য' অ্যাপ সম্পর্কিত সচরাচর সৃষ্ট প্রশ্ন ও উত্তর প্রেরণ।**

সূত্র: মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩৩৭৯; তারিখ: ০২/১১/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষ থেকে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে চালুকৃত মূল্যায়ন পদ্ধতিতে শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের তথ্য সংরক্ষণ ও স্বয়ংক্রিয়ভাবে রিপোর্ট কার্ড প্রস্তুতের সুবিধার্থে 'এটুআই' এর কারিগরী সহায়তায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক 'নৈপুণ্য' অ্যাপ ব্যবহারের গাইডলাইন ইতিমধ্যে সূত্রোক্ত পত্র মোতাবেক মাঠপর্যায়ে প্রেরণ করা হয়েছে। উক্ত 'নৈপূণ্য' অ্যাপ সম্পর্কিত সচরাচর বেশকিছু প্রশ্নের উদ্ভব হচ্ছে। এতদবিষয়ে 'নৈপূণ্য' অ্যাপে ওয়েব সম্পর্কিত সচরাচর জিজ্ঞাসিত বেশকিছু প্রশ্ন ও উত্তর পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: **'নৈপুণ্য'** অ্যাপ সম্পর্কিত সচরাচর সৃষ্ট প্রশ্ন ও উত্তর (০৩ পাতা) ।

০৮.১১.২৩
(দূর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
addshesecondary1@gmail.com

**বিতরণ:**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
০৯। জেলা প্রশাসক, সকল
১০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
১৩। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
১৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
১৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৬। সংরক্ষণ নথি।

## ‘নৈপুণ্য’ অ্যাপে ওয়েব সম্পর্কিত সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর

**১। প্রধান শিক্ষকের পিডিএস আইডি না থাকলে নৈপুণ্য ওয়েবে কীভাবে যুক্ত হবেন?**

**উত্তর:** master.noipunno.gov.bd -তে ক্লিক করলে লগইন পেজের উপরে প্রতিষ্ঠান প্রধান হিসেবে লগইন ‘এসএমএস’ না পেয়ে থাকলে এখানে ক্লিক করুন’ লেখায় ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করুন। সময়মত আপনার মোবাইলে এসএসএস পৌঁছে যাবে।

**২। প্রতিষ্ঠানের ইন (EIIN) নম্বর না থাকলে ‘নৈপুণ্য’ নৈপুণ্য’ অ্যাপের ওয়েভ ভার্সনে যুক্ত হওয়া যাবে কি?**

**উত্তর-** EIIN-বিহীন প্রতিষ্ঠানগুলো ‘নৈপুণ্য’ অ্যাপে যুক্ত হতে অপেক্ষা করতে হবে। কর্তৃপক্ষের নির্দেশনার পরে যুক্ত হতে পারেন।

**৩। কিছু কিছু প্রাথমিক বিদ্যালয়ের সাথে ষষ্ঠ-অষ্টম শ্রেণিতে পাঠদান করা হচ্ছে। সেসব স্কুলের প্রধান শিক্ষকের PDS নম্বর নেই। তারা SMS পাননি। এসব স্কুলগুলো কীভাবে লগইন করবেন?**

**উত্তর:** এ ব্যাপার পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করতে হবে।

**৪। নতুন জাতীয়করণকৃত মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আছেন। তাদের পিডিএস আইডি দিয়ে লগইন করতে পারছেন না। এ অবস্থায় করনীয় কী?**

**উওর:** ডাটাবেজে প্রতিষ্ঠান প্রধান হিসেবে শিক্ষকের মোবাইল নাম্বার থাকলে তিনি এমএমএস পাবেন এবং লগইন করতে পারবেন। এসএসএস না পেলে তিনি লগইন করতে পারবেন না। master.noipunno.gov.bd -তে ক্লিক করলে লগইন পেজের উপরে প্রতিষ্ঠান প্রধান হিসেবে লগইন ‘এসএমএস’ না পেয়ে থাকলে এখানে ক্লিক করুন’ লেখায় ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করুন। সময়মত আপনার মোবাইলে এসএসএস পৌঁছে যাবে।

**৫। যে সকল প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক নেই, ভারপ্রাপ্ত প্রধান আছে তারা কী করবেন?**

**উত্তর:** ডাটাবেজে প্রতিষ্ঠান প্রধান হিসেবে শিক্ষকের মোবাইল নাম্বার থাকলে তিনি এমএমএস পাবেন এবং লগইন করতে পারবেন। এসএসএস না পেলে তিনি লগইন করতে পারবেন না। master.noipunno.gov.bd -তে ক্লিক করলে লগইন পেজের উপরে প্রতিষ্ঠান প্রধান হিসেবে লগইন ‘এসএমএস’ না পেয়ে থাকলে এখানে ক্লিক করুন’ লেখায় ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করুন। সময়মত আপনার মোবাইলে এসএসএস পৌঁছে যাবে।

**৬। শিক্ষকদের পদবী নিয়ে সমস্যা হচ্ছে। এখানে ‘সিনিয়র শিক্ষক’ এর কোন পদবী নাই। এটি যুক্ত করার জন্য বিনীতভাবে অনুরোধ করছি।**

**উত্তর: ‘সিনিয়র শিক্ষক’ পদবী** যুক্ত করার কাজ চলছে।

**৭। আমার মাদ্রাসার EIIN নাই, সেক্ষেত্রে নৈপুণ্য ওয়েবসাইটে কীভাবে যুক্ত হবো?**

**উত্তর-** EIIN-বিহীন প্রতিষ্ঠানগুলো 'নৈপুণ্য' অ্যাপে যুক্ত হতে অপেক্ষা করতে হবে। কর্তৃপক্ষের নির্দেশনার পরে যুক্ত হতে পারেন।

**৮। বিষয় শিক্ষক যুক্ত করা হয়েছে এবং লগইন করে পরবর্তীতে যখন লগইন করা তখন ৪০৩ এরোর দেখায়। করণীয় কী?**

**উত্তর:** অনেক সময় ইন্টারনেটের গতি ভাল না হলে ডাটা লোড হতে দেরি হয়ে। তখন ৪০৩ সমস্যা দেখাতে পারে।

**৯। গুগল ফর্ম ফিলাপ করে অপেক্ষা করতে হচ্ছে। কখন 'পিন' ও 'উইজার আইডি' পাওয়া যাবে।**

**উত্তর:** অপেক্ষা করুন, ধারাবাহিকভাবে আবেদনকারী সকল প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে 'পিন' ও 'উইজার আইডি' পৌছে যাবে।

১০। **গুগল ফরম পূরণ করা হয়েছে কিন্তু SMS আসেনি।/ প্রতিষ্ঠান প্রধানের PDS আইডি ও ডিফল্ট পাসওয়ার্ড দিয়েও লগইন হয়নি। কোন মেসেজ পাইনি। কী করা যায়?**

**উত্তর:** অপেক্ষা করুন, ধারাবাহিকভাবে আবেদনকারী সকল প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে 'পিন' ও 'উইজার আইডি' পৌছে যাবে।

**১১। প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর, ইমেইল ঠিকানা এডিট করা যাচ্ছে না করনীয় কী?**

**উওর:** লগইন হয়ে থাকলে প্রথমে বিভিন্ন ব্যবস্থাপনার কাজগুলো সম্পাদন করুন। সময় হলে সংশ্লিষ্ট বিষয়গুলো এডিট করতে পারবেন।

**১২। 'স্কুল এন্ড কলেজ' প্রতিষ্ঠানসমুহ 'নৈপুণ্য' অ্যাপের 'ইউজার আইডি' পাইনি তাহলে করনীয় কী?**

**উত্তর:** master.noipunno.gov.bd -তে ক্লিক করলে লগইন পেজের উপরে প্রতিষ্ঠান প্রধান হিসেবে লগইন 'এসএমএস' না পেয়ে থাকলে এখানে ক্লিক করুন' লেখায় ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করুন। সময়মত আপনার মোবাইলে এসএসএস পৌঁছে যাবে।

**১৩। কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানসমুহ নৈপুন্য অ্যাপের ইউজার আইডি কখন পাবে?**

উত্তর: কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করতে হবে।

**১৪। আমাদের মাদ্রাসার প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে কোন আইডি ও পিন নাম্বার আসে নি। করণীয় কী?**

**উত্তর:** একটু ধৈর্য্য ধরুন। এই সপ্তাহের মধ্যেই আপনাদের ফোনে ইউজার আইডি ও পিন নাম্বার পৌঁছে যাবে।

**১৫। টেকনিক্যাল স্কুলের প্রতিষ্ঠান প্রধানের মোবাইলে কোন আইডি ও পিন নাম্বার আসেনি। করণীয় কী?**

উত্তর: কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করতে হবে।

**১৬। আমাদের প্রতিষ্ঠান ইআইআইএন বিহীন। আমরা কীভাবে অ্যাপে যুক্ত হবো?**

**উত্তর:** EIIN-বিহীন প্রতিষ্ঠানগুলো ‘নৈপুণ্য’ অ্যাপে যুক্ত হতে অপেক্ষা করতে হবে। কর্তৃপক্ষের নির্দেশনার পরে যুক্ত হতে পারেন।

**১৭। আমাদের বিদ্যালয় সরকারি প্রাথমিক বিদ্যালয়। আমাদের স্কুলে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়। আমরা কোন এসএমএস পাই নি। আমাদের করণীয় কী?**

**উত্তরঃ** এ ব্যাপার পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করতে হবে।

**১৮। ৮ নভেম্বর ডাটা ইনপুটের শেষ তারিখ আমরা এত কম সময়ে কীভাবে শিক্ষার্থী তথ্য আপলোড করব?**

**উত্তর:** ৮ নভেম্বরের পরেও ডাটা ইনপুট দেওয়া যাবে। ডাটা এন্ট্রির কাজ করতে থাকুন।

**১৯। প্রতিষ্ঠান প্রধান অবসরে গেছেন। ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের পিডিএস আইডিতে ইউজার নট ফাউন্ড লেখা দেখাচ্ছে।**

**উত্তর:** প্রতিষ্ঠানের ইআইআইএন নাম্বার, ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের পিডিএস নাম্বার, মোবাইল নাম্বারসহ সমস্যাগুলো অ্যাপে দেয়া গুগল ফর্মে সরবরাহ করুন। অপেক্ষা করুন।

**২০। আমি গতকাল গুগল ফর্ম পূরণ করেছি। কোন মেসেজ পাই নি।**

**উত্তর:** ধারাবাহিকভাবে মেসেজ যাচ্ছে। অনুগ্রহ পূর্বক অপেক্ষা করুন।

**২১। প্রতিষ্ঠানে সাধারণত আমরা সম্মানিত টিচাররা যারা কাজ করি, তার বেশিরভাগ শিক্ষকই প্রশিক্ষণে। "নৈপূণ্য" এপসের সকল কাজ করার সময় সীমা বাড়ানোর যাবে কী?**

**উত্তর:** জ্বী, ৮ তারিখে পরও নৈপূণ্যে শিক্ষক-শিক্ষার্থীর তথ্য দেয়া যাবে।

**২২। আমি শ্রেণি শিক্ষক বা বিষয়ভিত্তিক সহকারী শিক্ষক হিসেবে লগ ইন করতে পারতেছি না। এক্ষেত্রে করণীয় কী?**

উত্তরঃ প্রথমত আপনার প্রতিষ্ঠান পর্যায়ের রেজিস্ট্রেশনের কার্যক্রমসমূহ সম্পন্ন করুন। পরবর্তীতে সহকারী শিক্ষক সংশ্লিষ্ট সমস্যাগুলো সমাধান হবে। অপেক্ষা করুন ।

**২৩। প্রধান শিক্ষক অন্য প্রতিষ্ঠান থেকে নতুন যোগদান করেছেন কিন্তু এখনো এমপিও হয়নি, করনীয় কী?**

**উত্তর:** master.noipunno.gov.bd -তে ক্লিক করলে লগইন পেজের উপরে প্রতিষ্ঠান প্রধান হিসেবে লগইন ‘এসএমএস’ না পেয়ে থাকলে এখানে ক্লিক করুন’ লেখায় ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ফর্মটি সাবমিট করুন। সময়মত আপনার মোবাইলে এসএসএস পৌঁছে যাবে।

**২৪। গুগল ফর্ম এর রিপ্লাই পেতে লেট হওয়ার কারণ কী?**

**উত্তর:** আমরা যেমনটা ভাবছি, বিষয়টা সেইরকম না যে ফর্ম সাবমিট করার সাথে সাথেই সবাই রিপ্লাই পেয়ে যাবেন। আসলে, ফর্মটা সাবমিট হওয়ার পর ব্যাক এন্ডে যে টিম কাজ করে যাচ্ছেন, তারা ঐ স্কুলের সকল ডেটা চেক করে

দেখছেন, সবকিছু যাচাই-বাছাই পূর্বক রিপ্লাই দিচ্ছেন,তাই একটু লেট হচ্ছে। মনে করুন, এক প্রতিষ্ঠান থেকে একাধিক শিক্ষক গুগল ফর্ম সাবমিট করে দিলো! যদি এমন হতো ফর্ম সাবমিটের পর সাথে সাথেই একটা আইডি ও পিন রিপ্লাইতে চলে যাবে তাহলে, একাধিক পিন ও আইডি চলে যেতে পারে ঐ প্রতিষ্ঠানে। বিষয়টা গুরুত্বপূর্ণ।

**২৫। মোবাইলে নৈপুণ্য অ্যাপ ডাউনলোড করা যাচ্ছে না, কী করতে পারি?**

**উত্তর:** 'নৈপুণ্য' মোবাইল অ্যাপ এখনো রিলিজ করা হয়নি। শুধু নৈপুণ্য'এর ওয়েভ ভার্সনে 'লগইন' করে শিক্ষক ও শিক্ষার্থীর তথ্য দিন।

**২৬। 'Server Not Found' লেখা আসছে কেন?**

**উত্তর:** কম্পিউটারে ইন্টারনেটের স্পিড কম থাকলে এমন ম্যাসেজ আসতে পারে।

**২৭। পিন ভুলে গেলে ওটিপি দিলে 'PIN Expired' দেখাচ্ছে কেন?**

**উত্তর:** ওটিপির মেয়াদ পাঁচ মিনিট অতিক্রান্ত হলে 'PIN Expired' দেখাবে। তাই ওটিপি পাওয়ার পাঁচ মিনিটের মধ্যে পিন রিসেট করুন।

**২৮। এমএমএস না পেলে কোনো অফিসে গেলে কি সরাসরি সহায়তা পাওয়া যাবে?**

**উত্তর:** কোন অফিস থেকে সরাসরি সহায়তা দেয়া হচ্ছে না। হেল্পলাইনের সহায়তা নিন। ধৈর্য্য সহকারে অপেক্ষা করুন। শিক্ষা প্রতিষ্ঠানগুলো ৮ তারিখের পরেও লগইনের করে কাজ করতে পারবেন।

**২৯। PIN মিসম্যাচ (Mismatch) দেখাছে কেন?**

উত্তর: অনেক সময় ভুল পিন (PIN) দেওয়া জন্য এমন হয়। পিন (PIN) দেওয়ার সময় Key Board এর Typing option English করে নিন। বিজয় কী-বোর্ড চালু থাকলে বন্ধ করে নিন।